# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৫১৭

পর্ব - ১৬ঃ বিবিধ প্রসঙ্গ (كتاب الجامع)

পরিচ্ছেদঃ ৪. মন্দ চরিত্র সম্পর্কে ভীতি প্রদর্শন

আরবী

وَعَنْ أَنَسٍ ـ رضي الله عنه ـ عَنْ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ: «كَفَّارَةُ مَنْ اغْتَبْتَهُ أَنْ تَسْتَغْفِرَ لَهُ». رَوَاهُ الْحَارِثُ بْنُ أَبِي أُسَامَةَ بِسَنَدٍ ضَعِيفٍ

موضوع ففي سند عنبسة بن عبد الرحمن القرشي، وكان يضع الحديث

বাংলা

১৫১৭। আনাস (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: গীবাতের (পরনিন্দার) কাফফারা (গুনাহ্ মাফের উপায়) হচ্ছে যার গীবাত করেছ, তার পাপের ক্ষমার জন্য আল্লাহর দরবারে দু'আ করতে থাকা। (হারেস বিন উসামা দুর্বল সানাদে বর্ণনা করেছেন।[1]

## English

Anas (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) said:
“The atonement of backbiting a man is to ask Allah to forgive him.” Related by Al-Harith bin Abu Usamah with a weak chain of narrators.

ফুটনোট

[1] ইবনে উসাইমীন বুলুগুল মারামের শরাহ ৬/৪১৬ গ্রন্থে বলেন, এর সানাদ দুর্বল তবে এর অর্থে লক্ষ্য করে আমল করা যেতে পারে। শাইখ আলবানী তাখরীজ মিশকাতুল মাসাবীহ ৪৮০৩ গ্রন্থে বলেন, এর তিনটি সানাদ রয়েছে, যার প্রতিটিই দুর্বল। ইমাম বাইহাকী তাঁর আদ দাওয়াতুল কাবীর (২/২১৩) গ্রন্থে বলেন, এর সানাদে দুর্বলতা রয়েছে। আল বুসাইরী তার ইতিহাফুল খিয়ারাতুল মুহাররাহ গ্রন্থে ৭/৪২৫ বলেন, এ হাদীসের সানাদে

আনবাসা বিন আবদুর রহমান রয়েছেন। যিনি দুর্বল। ইমাম বাইহাকী শুআবূল ঈমান ৫/২৩১০ গ্রন্থে এর সানাদকে দুর্বল বলেছেন। শাইখ সুমাইর আয যুহাইরী হাদীসটিকে মাউযূ বলেছেন। তিনি বলেন, আনবাসা বিন আবদুর রহমান হাদীস রচনা করত।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71328

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন